

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 21-12-2025**

**Time: 1.40 P.M.**

**বিশেষ বিশেষ খবর -**

- ১) এসআইআর-এর শুনানি পর্বে মাইক্রো অবজার্ভার হিসাবে নিযুক্ত আধিকারিকদের বিশেষ প্রশিক্ষণ আগামী ২৪ তারিখ হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। শুনানি প্রক্রিয়া শুরু ২৭ শে ডিসেম্বর থেকে।
- ২) কেন্দ্রীয় সরকারের উপকূল অঞ্চলে ম্যানগ্রোভ সংরক্ষণ ও এলাকায় আর্থ সামাজিক উন্নয়ন প্রকল্পে রাজ্য সরকারের গাছাড়া মনোভাবের সমালোচনা করেছেন কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব।
- ৩) দেশের উন্নয়নে সমাজকে সংগঠিত করা প্রয়োজন বলে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সরসজ্যচালক মোহন রাও ভাগবত মন্তব্য করেছেন।
- ৪) রেল কর্তৃপক্ষ ট্রেন ভাড়ার কিছু পুনর্বিন্যাস করেছে।
- ৫) রেডরোডে কলকাতা ম্যারাথনে আজ ২০ হাজারেরও বেশি মানুষ অংশ নিয়েছেন।

৬) চলচ্চিত্র একটি শক্তিশালী মাধ্যম যা প্রাকৃতিক পরিবেশ ও বন্যপ্রাণ সম্পর্কে সচেতনতা তৈরি করে। সিনেকাইন্ড অ্যাওয়ার্ড এক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ বলে মন্তব্য করেছেন কেন্দ্রীয় মন্ত্রী মানেকা গান্ধী।

---

নজরুল মধ্যে আগামী ২৪ তারিখ ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার স্বচ্ছতা আরও জোরদার করতে মাইক্রো অবজার্ভার হিসেবে নিযুক্ত আধিকারিকদের জন্য দু' দফায় বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে। শুনানি প্রক্রিয়া ২৭ শে ডিসেম্বর শুরু হবে।

বিভিন্ন শুনানি কেন্দ্রে মূলত কেন্দ্রের গ্রুপ বি বা তার উর্ধ্বর্তন পদমর্যাদার আধিকারিকদেরই এই দায়িত্ব দেওয়া হবে বলে রাজ্যের মুখ্যনির্বাচনী আধিকারিকের দণ্ডের সূত্রে জানা গিয়েছে। এই সংক্রান্ত প্রস্তুতি ও সমন্বয় নিয়েই গতকাল কেন্দ্রের অধীনস্থ একাধিক দফতরের বিভাগীয় প্রধানদের সঙ্গে বৈঠক করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ও তাঁর দণ্ডের পদস্থ কর্তারা। বৈঠকে কোল ইন্ডিয়া, ডিভিসি, আয়কর বিভাগ, আরবিআই, মেট্রো রেল-সহ মোট ১৬টি কেন্দ্রীয় দফতরের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

শুনানি পর্বে কী ভাবে দায়িত্বপালন করতে হবে, কী কী বিষয়ে নজর রাখতে হবে, বা কোন দণ্ডের কত আধিকারিক আছেন তার তালিকা দিতে বলা হয়েছে সুন্দের খবর।

---

কেন্দ্রীয় সরকারের উপকূল অঞ্চলে ম্যানগ্রোভ সংরক্ষণ ও এলাকায় আর্থ সামাজিক উন্নয়ন বা 'MISHTI' প্রকল্প রূপায়নে রাজ্য সরকারের গাছাড়া মনোভাবের সমালোচনা করেছেন কেন্দ্রীয় বন ও পরিবেশমন্ত্রী ভূপেন্দ্র যাদব। আজ সুন্দরবনের গোসাবায় ২২তম প্রজেক্ট এলিফ্যান্টের স্টিয়ারিল কমিটি ও ২৮তম জাতীয় ব্যাষ্ট সংরক্ষণ কর্তৃপক্ষের বেঠক শেষে সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, রেল দুর্ঘটনায় হাতির মৃত্যু কমাতে একগুচ্ছ পদক্ষেপ নিতে চলেছে তার মন্ত্রক। এজন্য রেলকে দুর্ঘটনাপ্রবন এলাকা চিহ্নিত করতে বলা হয়েছে। এছাড়া জেলাশাসক ও পুলিশ সুপারদের নিয়ে হোয়াইটস্ক অ্যাপ গ্রুপ তৈরি করে পরিস্থিতির ওপর নজর রাখার নির্দেশ দেওয়া হয়েছে। এর পাশাপাশি কুনকি হাতি বাড়ানোর পরামর্শও দেওয়া হয়েছে। হাতির হামলায় মৃতদের ক্ষতিপূরণ দেওয়ার প্রক্রিয়া সহজ করা হবে বলে তিনি জানান।

---

দেশের উন্নয়নে সমাজকে সংগঠিত করা প্রয়োজন বলে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সরসজ্ঞচালক মোহন রাও ভাগবত জানিয়েছেন। শতবর্ষ পূর্তি উপলক্ষে কলকাতার সায়েন্স সিটি প্রেক্ষাগৃহে প্রবৃন্দ নাগরিক সম্মেলনে দেশগঠনে RSS-এর গঠনমূলক ভূমিকা নিয়ে তিনি আলোচনা করেন। শ্রী ভাগবত বলেন, আমাদের দেশে হিন্দু সমাজকে সংগঠিত করা প্রয়োজন।

### বাইট

তিনি বলেন, কোন একজন বিশিষ্ট ব্যক্তিকে দেখে সমাজের বাকি মানুষেরা তাকে অনুসরণ করে। তাই এমন বিশিষ্ট ব্যক্তিদের সংগঠন গড়ে তোলা বিশেষ প্রয়োজন। রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ প্রসঙ্গে শ্রী ভাগবত জানান, সংঘ কোন প্রতিক্রিয়া বা বিরোধিতার জন্য গড়ে ওঠেনি। কোন লাভের জন্যও কাজ করে না। সংঘ ধর্মসের পরিবর্তে প্রতিশ্রুতি পূরণের কাজ করে।

### বাইট

---

মুর্শিদাবাদের তৃণমূল কংগ্রেস পরিচালিত জেলা পরিষদের কর্মাধ্যক্ষ শাহনাজ বেগম, নিজ পদ থেকে ইস্তফা দিয়ে, দল ছেড়ে কংগ্রেসে যোগ দিয়েছেন। তিনি পানীয় জল, রাস্তা নির্মান, গ্রামোন্নয়নের একাধিক প্রকল্পে জেলাপরিষদের বিরুদ্ধে কোটি কোটি

টাকার আর্থিক দূর্নীতির তথ্য প্রমাণ প্রকাশ্যে আনেন। তার আরও দাবি, দীর্ঘদিন  
ধরে দূর্নীতির অভিযোগ উঠলেও এ বিষয়ে কোন তদন্ত করা হয়নি,  
নেওয়া হয়নি কোন ব্যাবস্থা।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত"  
অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে  
মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং  
দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট,  
মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব  
চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার  
পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে  
ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

---

রেল কর্তৃপক্ষ ট্রেন ভাড়ার কিছু পুনর্বিন্যাস করেছে। সাধারণ শ্রেণীতে ২১৫ কিমি  
পর্যন্ত ভাড়া অপরিবর্তিত থাকছে। তার পর প্রতি কিলোমিটারে ১ পয়সা করে ভাড়া  
বাড়বে। মেল, এক্সপ্রেস, নন এসির ভাড়া প্রতি কিলোমিটারে ২ পয়সা করে বাড়বে।

এসি টেও প্রতি কিলোমিটারে ২ পয়সা করে ট্রেন ভাড়া বাড়বে। শহরতলী এবং মাসিক সিজন টিকিটের ভাড়া অপরিবর্তিত থাকছে। এর ফলে চলতি বছরে রেলের ৬০০ কোটি টাকা অতিরিক্ত আয় হবে। আগামী ২৬ শে ডিসেম্বর থেকে ভাড়ার নতুন হার কার্যকর হবে।

---

হাওড়ার ডোমজুড়ে গতরাতে পথ দুর্ঘটনায় দুজনের মৃত্যু হয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, গতকাল রাত আটটা নাগাদ একটি বাইক নিয়ন্ত্রণ হারিয়ে, ঘোলো নং জাতীয় সড়কে ফ্লাইওভারে ওঠার সময়ে এক মহিলাকে ধাক্কা দিয়ে গার্ড ওয়ালে ধাক্কা মারে। পুলিশ ওই মহিলা ও গুরুতর আহত বাইক চালককে স্থানীয় হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা দুজনকই মৃত বলে ঘোষনা করে। মৃত ২৬ বছরের তৃষ্ণা দন্তিদার, রিষড়ার বাসিন্দা, অন্যদিকে বাইক চালক সলপের বাসিন্দা। দুজনেরই দেহ ময়নাতদন্তে পাঠানো হয়েছে। ডোমজুর থানার পুলিশ ঘটনার তদন্ত করছে।

---

পাচারকারীদের বিরুদ্ধে অভিযানে নেমে বড়সড় সাফল্য পেল ভক্তিনগর থানার পুলিশ। গত রাতে গোপন সূত্রের খবরের ভিত্তিতে সেবক রোডের সালুগারার কাছে অভিযান চালিয়ে চার দুক্ষ্তাকে গ্রেফতার করল ভক্তিনগর থানার পুলিশ। ধৃত চারজনের

নাম বিনয় কুমার, তাশির উদ্দিন, সাইদুল শেখ এবং অজিত রায়। ধৃতদের হেফাজত থেকে চার প্যাকেট মাদক তৈরির উপকরণ এবং প্রায় ৮০০ গ্রাম ব্রাউন সুগার উদ্বার হয়েছে যার আনুমানিক বাজার মূল্য প্রায় ১ কোটি টাকা। ধৃতদের আজ জলপাইগুড়ি আদালতে তোলা হবে।

---

নদীয়ার কৃষ্ণনগরে পুলিশী অভিযানে বিপুল পরিমাণে মাদক, ব্রাউন সুগার উদ্বার হয়েছে। নির্দিষ্ট খবরের ভিত্তিতে কোতয়ালি থানার পুলিশ কৃষ্ণনগর স্টেশন রোড লাগোয়া এলাকায় অভিযান চালায়। মাদক বহনের অভিযোগে দুই মহিলাকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের জিজ্ঞাসাবাদ করে মূল চক্রীদের খোঁজ চলছে।

---

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের মল্লারপুর ও তারাপীঠ এবং নলহাটি ও স্বাধীনপুর স্টেশনের মাঝে ব্রিজ রক্ষণাবেক্ষণ কাজের জন্য আজ রামপুরহাট, বর্ধমান থেকে দুটি ও তিনপাহার থেকে একটি MEMU প্যাসেঞ্জার বাতিল থাকছে। এছাড়া, শিয়ালদা-রামপুরহাট মা তারা এক্সপ্রেস সাইথিয়া তে যাত্রা শেষ করবে, ও রামপুরহাট শিয়ালদা মা তারা এক্সপ্রেস রামপুরহাটের পরিবর্তে সাইথিয়া থেকে যাত্রা শুরু করবে বলে রেল সূত্রের খবর।

কলকাতা ম্যারাথনে আজ ২৩ হাজার মানুষ অংশ নিয়েছিলেন। ২৫ কিলোমিটার ছাড়াও, চারটি বিভাগে প্রতিযোগীরা যোগদান করেছিলেন। অংশ নিয়েছিলেন বিশেষভাবে সক্ষম প্রতিযোগীরাও। রেড রোডে আজ সকালে রাজ্যপাল সি ভি আনন্দ বোস পতাকা নেড়ে ম্যারাথনের সূচনা করেন। উপস্থিত ছিলেন ভারতীয় ফুটবল দলের প্রাক্তন অধিনায়ক বাইচুং ভুটিয়া।

প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ও পিপল ফর অ্যানিম্যালস (PFA)-এর চেয়ারপার্সন মানেকা সঞ্জয় গান্ধী বলেছেন, চলচ্চিত্র হলো একটি অত্যন্ত প্রভাবশালী সাংস্কৃতিক মাধ্যম যা দিয়ে প্রাকৃতিক পরিবেশ এবং বন্যপ্রাণ সম্পর্কে মানুষের মধ্যে সচেতনতা তৈরি করা যায়। এক্ষেত্রে সিনেকাইন্ড অ্যাওয়ার্ড একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ। ফিল্ম ফেডারেশন অফ ইন্ডিয়া ও পিপল ফর অ্যানিম্যালস-এর সহযোগিতায়, ভারতের সহানুভূতিশীল এবং সমাজ সচেতন চলচ্চিত্র নির্মাণকে উৎসাহ দিতে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন।

বাইট

মা কা দুধ ছবির জন্য ডঃ হর্ষা আত্মাকুরি বন্যপ্রাণ সচেতনতার উপর চলচ্চিত্র নির্মাণ করে সিনেকাইভ কম্প্যাশন অ্যাওয়ার্ড পেয়েছেন। নেতৃত্ব চিন্তাভাবনার প্রেক্ষিতে অনুসন্ধানী গল্প বলার জন্য ডিরেক্টর অফ চেঞ্জ অ্যাওয়ার্ড পেলেন দ্য ল্যান্ড অফ অহিংসা ছবির জন্য ডলি ব্যাস-আভজা ও আর্যমান রামসে। কিপার অফ দ্য লাস্ট হার্ড ছবির জন্য সিনেমাটিক ইমপ্যাস্ট অ্যাওয়ার্ড পেয়েছেন নির্মল ভার্মা। এছাড়াও আরো ছ(৬) জন গতকাল পুরস্কৃত হন।

---

উত্তরে বাতাসের প্রভাবে মহানগরীতে আজ সারাদিনই শীতের আমেজ অনুভব করা যাচ্ছে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা সামান্য কমে দাঁড়িয়েছে ১৪ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে প্রায় ১ ডিগ্রী কম। আগামী দুদিন তাপমাত্রার বিশেষ হেরফের না হলেও বড়দিন থেকে তাপমাত্রার পারদ দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত নামতে পারে বলে আলিপুর আবহাওয়া দণ্ডন জানিয়েছে।

দক্ষিণবঙ্গের আজ প্রায় সব জেলাতেই হালকা থেকে মাঝারি কুয়াশা এবং পশ্চিম বর্ধমান, বীরভূম, পুরুলিয়া ও উত্তরবঙ্গের দক্ষিণ দিনাজপুরে ঘন কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে।

---